বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি অপারেশন বিভাগ

ফোন ঃ ০২-৯৫৫১১৬৮
ই-মেইল ঃ dgmictop@krishibank.org.bd

সূত্র নং- প্রকা/আইসিটি(অপাঃ)-০২(৫৮)/২০১৮-২০১৯/২২(১১০৪) তারিখ ঃ ০৫.০৭.২০১৮খ্রিঃ

০১। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

০২। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ মোবাইল অ্যাপ্স 'বিকেবি-জানালা' ব্যবহার প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও সেবা শাখার ২১.১২.২০১৪ তারিখের পত্র নং-৫৩.০০৩.০০৬.০০. ০০.০২৫.১৪-৯৭২ এর নির্দেশনার পরিপ্রেক্ষিতে এবং ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে " BKB-JANALA" নামে একটি মোবাইল অ্যাপ্স তৈরী করা হয়েছে। অ্যাপ্সটি ইতোমধ্যে Google Playstore - এ আপলোড করা হয়েছে। Google Playstore হতে যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান অ্যান্ড্রয়েড মোবাইল ফোনে বিনা মূল্যে অ্যাপসটি ডাউনলোড করতে পারবে।

০৩। অ্যাপ্সে বাংলাদেশ কৃষি ব্যাংক এর সিটিজেন চার্টার, ঋণ প্রাপ্তির যোগ্যতা, ঋণ বিতরণ ও ঋণ আদায় সম্পর্কীত তথ্যসহ সকল প্রকার ঋণ আবেদন ফরম এর নমুনা, ঋণের সুদের হার, ঋণ পরিশোধের সময়কাল, ফসল ঋণ পঞ্জিকা ও আমানত হিসাব খোলার নমুনা ফরম ইত্যাদি সন্নিবেশিত করা হয়েছে। উক্ত অ্যাপ্স হতে ঋণ প্রাপ্তির যোগ্যতা,ঋণ গ্রহণ পদ্ধতি, প্রয়োজনীয় কাগজপত্র, ঋণ পরিশোধের সময়কাল এবং আমানত হিসাব খোলার পদ্ধতি সম্পর্কেও জানা যাবে।

০৪। বাংলাদেশ কৃষি ব্যাংক হতে ঋণ গ্রহণেচ্ছু যে কোন গ্রাহক যে কোন সময় যে কোন স্থান হতে অ্যাপস এর মাধ্যমে ঋণ প্রাপ্তির সকল প্রকার তথ্য সংগ্রহ পূর্বক তার নিকটস্থ শাখায় স্বশরীরে হাজির হয়ে স্বল্প সময়ের মধ্যে সহজভাবে ঋণ গ্রহণ করতে পারবে। অ্যাপ্সটি ডাউনলোড করার জন্য Google Playstore-এ "BKB-JANALA" লিখে সার্চ করলে মোবাইল অ্যাপসটি ডাউনলোড ও ইসটল হবে। তাছাড়া, বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইট www.krishibank.org.bd এর Innovation কর্ণারের সংশ্লিষ্ট লিংকে ক্লিক করেও অ্যাপ্সটি ইসটল করা যাবে।

০৫। এমতাবস্থায়, প্রতিটি শাখাকে অ্যাপ্স ব্যবহার সম্পর্কীত একটি স্টিকার (যা প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট বিভাগ হতে সরবরাহ করা হবে) শাখার এমন স্থানে স্থাপন করার অনুরোধ করা হলো যাতে বিষয়টি সহজে সর্বসাধারণের দৃষ্টি গোচর হয় এবং কৃষকগণকে ঋণ প্রাপ্তির বিষয়ে তথ্য সংগ্রহের জন্য ব্যাংক শাখায় বারংবার গমণ করতে না হয়। ।

অনুমোদনক্রমে-

05.07.18.

(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/আইসিটি(অপাঃ)-০২(৫৮)/২০১৮-২০১৯/২২(১১০৪) তারিখ ঃ ০৫.০৭.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা। পরিপত্রটি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। নথি/মহানথি।